২৮/১০/২০০৫

ভোরের কাগজ

তারিখ ...

পৃষ্ঠা ১ কলাম ৬

# পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ক অধ্যায় পরিবর্তন আনছে সরকার

কাগজ প্রতিবেদক : আগামী শিক্ষাবর্ষে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাক্রমে মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু বিষয়ক অধ্যায়গুলোতে পরিবর্তন আনার উদ্যোগ নিতে যাচ্ছে সরকার।

সংশ্লিষ্ট মন্ত্রণালয় সূত্রে জানা যায়, প্রাথমিক স্তরের ২য় শ্রেণী থেকে ৫ম শ্রেণীর বাংলা ও সমাজ এবং মাধ্যমিক স্তরের ষষ্ঠ থেকে ৯ম শ্রেণীর বাংলা, সমাজ ও ইতিহাস পাঠ্যপুস্তকগুলোতে মুক্তিযুদ্ধ বিষয়ক অধ্যায়ে আংশিক পরিবর্তন আনা

● এরপর -পৃষ্ঠা-২ কলাম ৬

## পাঠ্যপুস্তকে মুক্তিযুদ্ধ

● প্রথম পাতার পর

হবে। এই পরিবর্তনে মুক্তিযুদ্ধে জিয়াউর রহমানের ভূমিকার বিষয়গুলো সংযুক্ত করা হবে।

এ বিষয়ে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের দায়িত্বপ্রাপ্ত প্রধানমন্ত্রীর উপদেষ্টা অধ্যাপিকা জাহানারা বেগমের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, শিক্ষাক্রমে মুক্তিযুদ্ধ বিষয়ক অধ্যায়ে কিছু পরিবর্তন তো হবেই। মুক্তিযুদ্ধে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের অংশগ্রহণের বিষয়টি শিক্ষাক্রমে স্পষ্ট করা হবে। তিনি বলেন, দ্রুত এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

অপরদিকে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড সূত্রে জানা যায়, এখন পর্যন্ত প্রাথমিক ও মাধ্যমিকের কার্যাদেশ চূড়ান্ত না হওয়ার একটি অন্যতম কারণ হলো শিক্ষাক্রমে পরিবর্তন আনার মন্ত্রণালয় পর্যায়ের চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার প্রক্রিয়া।

উল্লেখ্য, '৯৬ সালে আওয়ামী লীগ সরকার গঠন করার পর '৯৭ সালের শিক্ষাবর্ষে প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষাক্রমে প্রথম মুক্তিযুদ্ধ ও মুক্তিযোদ্ধাদের ভূমিকা এবং জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভূমিকা সম্পর্কে নিবন্ধ সংযুক্ত করা হয়।